গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড,
সেগুন বাগিচা, ঢাকা।
[কাস্টমস:]

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৯ ফাল্গুন, ১৪২৭ বঙ্গাব্দ/ ১৪ মার্চ, ২০২১ খ্রিস্টাব্দ।

নং- ০১৩/২০২১/কাস্টমস/০৬৪ তারিখ : ১৪/০৩/২০২১ খ্রি:।

বিষয়: **হোমকনজাম্পশন বন্ড লাইসেন্সধারী প্রতিষ্ঠানের বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ ও বকেয়া আদায় সংক্রান্ত আদেশ, ২০২১।**

যেহেতু, হোমকনজাম্পশন বন্ড লাইসেন্সধারী প্রতিষ্ঠানসমূহ The Customs Act, 1969 এর Section 104 এর আওতায় কাঁচামাল আমদানি করতঃ আমদানি পর্যায়ে শুল্ক-করাদি পরিশোধ না করিয়া পণ্য চালান খালাস করিয়া থাকে; এবং

যেহেতু, উক্ত প্রতিষ্ঠানসমূহ লাইসেন্সের শর্ত ও The Customs Act, 1969 এর Section 98 অনুযায়ী ০৬ (ছয়) মাস বন্ডিং মেয়াদের মধ্যে এবং একই আইনের Section 104 ও Section 30 (b) অনুযায়ী এক্স বন্ড বিল অব এন্ট্রি (দেশীয় ভোগের জন্য বন্ডেড ওয়্যার হাউস হতে কাঁচামাল খালাসের নিমিত্তে কাস্টমস কম্পিউটার সিস্টেমে দাখিলকৃত এক্সবন্ড বি/ই) দাখিল করতঃ শুল্ক কর পরিশোধপূর্বক বন্ড গুদাম হইতে পণ্য চালান খালাস করিয়া থাকে; এবং

যেহেতু, উক্ত প্রতিষ্ঠানসমূহ উপর্যুক্ত বিধানাবলীর আলোকে আমদানিকৃত কাঁচামাল এর উপর প্রযোজ্য শুল্ক কর বিলম্বিত পরিশোধের সুবিধা ভোগ করে; এবং

যেহেতু, এই ক্ষেত্রে যথাযথ শুল্ক-করাদি আদায় নিশ্চিত করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু, The Customs Act, 1969 (Act IV of 1969) এর Section 13 এর Sub Section (2) ও একই আইনের Section 219B এর ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, দেশীয় ভোগের জন্য হোমকনজাম্পশন বন্ড লাইসেন্সধারী প্রতিষ্ঠানের বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ ও বকেয়া আদায়ের ক্ষেত্রে নিম্নরূপ শর্ত ও সীমা আরোপ করিল; যথাঃ

(ক) হোমকনজাম্পশন বন্ড লাইসেন্সধারী প্রতিষ্ঠানের জন্য অনুমোদিত বার্ষিক অথবা সাময়িক আমদানি প্রাপ্যতার ভিত্তিতে কাঁচামাল আমদানি করিতে হইবে। প্রতিষ্ঠানের বার্ষিক উৎপাদন ক্ষমতা, ওয়্যারহাউসের ধারণ ক্ষমতা, পূর্ববর্তী বৎসরে বার্ষিক কাঁচামালের ব্যবহার প্রভৃতি তথ্য উপাত্ত বিবেচনায় নিয়ে সংশ্লিষ্ট কমিশনার বার্ষিক আমদানি প্রাপ্যতার পরিমাণ নির্ধারণ করিবেন। তবে বার্ষিক আমদানি প্রাপ্যতা প্রতিষ্ঠানের বার্ষিক উৎপাদন ক্ষমতার ৮০% এর অধিক হইবে না। ইহার অতিরিক্ত প্রাপ্যতার প্রয়োজন হইলে জাতীয় রাজস্ব বোর্ডের অনুমোদন গ্রহণ করিতে হইবে;

(খ) The Customs Act, 1969 এর আওতায় ওয়্যারহাউস পরিদর্শনে কাঁচামাল অবৈধ অপসারণ, কম বা বেশি পাওয়া; অথবা আমদানি প্রাপ্যতা বহির্ভূত পণ্য আমদানি; অথবা অন্য কোন কারণে সৃষ্ট দাবীনামা অনিষ্পন্ন থাকিলে উহার চূড়ান্ত নিষ্পত্তি না হওয়া পর্যন্ত আমদানি প্রাপ্যতা প্রদান করা যাইবে না;

(গ) শর্ত (খ) অনুযায়ী কোন দাবীনামা অনিষ্পন্ন থাকিলে এবং এই ক্ষেত্রে প্রতিষ্ঠান কর্তৃপক্ষ বার্ষিক বা সাময়িক আমদানি প্রাপ্যতার আবেদন করিলে সংশ্লিষ্ট কমিশনার The Customs Act, 1969 এর Section 86A অনুযায়ী আমদানিতব্য/আমদানিকৃত পণ্য চালানের উপর আরোপনীয় শুল্ক ও করের সমপরিমাণ নিঃশর্ত ও অব্যাহত ব্যাংক গ্যারান্টির বিপরীতে পণ্য খালাসের আদেশ দিবেন এবং উক্ত ব্যাংক গ্যারান্টির বিপরীতে চালানসমূহের জন্য প্রযোজ্য রাজস্ব পরিশোধ সাপেক্ষে সংশ্লিষ্ট কমিশনার এর প্রত্যয়ন পত্রের ভিত্তিতে দাখিলকৃত ব্যাংক গ্যারান্টি অবমুক্ত করা যাইবে;

(ঘ) প্রতিষ্ঠান দাবীনামার দায় স্বীকার করিয়া প্রযোজ্য শুল্ক-করাদি, অর্থদন্ড, সুদ ও বকেয়া (প্রযোজ্য ক্ষেত্রে) পরিশোধের লক্ষ্যে কিস্তি সুবিধার আবেদন করিলে সংশ্লিষ্ট কমিশনার উক্তরূপ পাওনা পরিশোধে সর্বোচ্চ ৬ (ছয়) টি সমান মাসিক কিস্তি মঞ্জুর করিতে পারিবেন; তবে এক্ষেত্রে বিলম্বে পরিশোধের জন্য শর্ত (ঙ) অনুযায়ী প্রযোজ্য সুদ পরিশোধ করিতে হইবে;

(ঙ) শর্ত (খ) এ বর্ণিত দাবীনামার ক্ষেত্রে The Customs Act, 1969 এর Section 86 (1) (b) মোতাবেক উক্ত দাবীকৃত অর্থের উপর, সময়ে সময়ে, বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত ব্যাংক রেট (Bank Rate) এর দ্বিগুণ হারে সুদ আদায় করিতে হইবে;

(চ) কোন প্রতিষ্ঠান বিরোধীয় কোন বিষয়ে বা কারণে উদ্ভূত শুল্ক-করাদি, অর্থদন্ড, সুদ ও বকেয়া পরিশোধ করিলে বা দাবীনামা নিষ্পন্ন হইলে এবং শর্ত (ঘ) এর অধীন কিস্তির শর্ত ভঙ্গ না করিলে শর্ত (খ) এর বিধান প্রযোজ্য হইবে না;

(ছ) এই আদেশে যাহা কিছুই থাকুক না কেন, বোর্ড ব্যতিক্রমি পরিস্থিতিতে ভিন্নরূপ শর্ত ও সীমা আরোপ করিয়া সাময়িক বা বার্ষিক আমদানি প্রাপ্যতা মঞ্জুর করিতে পারিবে।

০২। ইতোপূর্বে জারিকৃত এতদ্‌সংক্রান্ত সকল আদেশ বাতিল করা হইল।

০৩। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

*স্বাক্ষরিত*

**(মোঃ মশিয়ার রহমান মন্ডল)**
**দ্বিতীয় সচিব (কাস্টমসঃ রপ্তানি ও বন্ড)**
ফোন-০২-৮৩১৮১২২, এক্স-৩৪৩
ই-মেইল-ssbondnbr@gmail.com

প্রাপক:

উপ পরিচালক,
বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা।

**(বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিতব্য)**

নথি নং-০৮.০১.০০০০.৫৬.০২.০০৩.২০১৬/৮৪(৩৪) তারিখ : ১৪/০৩/২০২১ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য **(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১-৩। সদস্য (শুল্কঃ রপ্তানি, বন্ড ও আইটি)/(কাস্টমস নিরীক্ষা, আধুনিকায়ন ও আন্তর্জাতিক বাণিজ্য)/(কাস্টমস নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
০৪। প্রেসিডেন্ট, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইবুনাল, ঢাকা।
০৫। কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট (মূসক), ঢাকা।
০৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, ঢাকা-১।
০৭। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, ঢাকা-২।
০৮। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, চট্টগ্রাম।
০৯। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, খুলনা।
১০-১১। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।
১২-১৭। কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/পানগাঁও/ মোংলা/ আইসিডি (কমলাপুর)।
১৮-২৮। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব)/(উত্তর)/(পশ্চিম)/(দক্ষিন)/চট্টগ্রাম/খুলনা/রংপুর/যশোর/কুমিল্লা/সিলেট/রাজশাহী।
২৯। মহাপরিচালক, শুল্কঃ গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।
৩০। মহাপরিচালক, শুল্কঃ রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা।
৩১। মহাপরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।
৩২। প্রকল্প পরিচালক, ভ্যাট অনলাইন প্রকল্প, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৩৩। প্রকল্প পরিচালক, বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ প্রকল্প, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৩৪। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। [ প্রজ্ঞাপনটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ ]
৩৫। পি.এস.টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। [ চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য]
৩৬-৩৭। অফিস/গার্ড কপি।

১৪/৩/২১

**(মোঃ মশিয়ার রহমান মন্ডল)**
**দ্বিতীয় সচিব (কাস্টমসঃ রপ্তানি ও বন্ড)**